

# যুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১০:৩৮ এএম

## শিক্ষাজ্ঞন

# এইচএসসি মাইলস্টোন কলেজের অসাধারণ সাফল্য



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ০৬:৪২ পিএম



উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা ২০২৫ এর ফলাফলে অসাধারণ সাফল্য পেয়েছে রাজধানীর উত্তরায় অবস্থিত মাইলস্টোন কলেজের ছাত্রছাত্রী। এ বছর মাইলস্টোন কলেজ থেকে বাংলা মাধ্যম ও ইংরেজি ভাস্নে ২৯৮১ জন ছাত্রছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। পাশের হার ৯৯.৮৩%। পাশকৃতদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৭৯১ জন।

বিজ্ঞান বিভাগ থেকে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে ১৩৭৩ জন শিক্ষার্থী। পাশ করে ১৩৭০ জন। বিজ্ঞান বিভাগে পাশের হার ৯৯.৮৭%। বিজ্ঞান বিভাগ থেকে জিপিএ-৫ পেয়েছে ৭৪৮ জন। ব্যবসায় শিক্ষা বিভাগে ৩০৫ জন ছাত্রছাত্রী পরীক্ষা দেয়, পাশের হার শতভাগ। ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে জিপিএ-৫ পেয়েছে ২৩ জন। মানবিক বিভাগ থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে ৩০৩ জন ছাত্রছাত্রী এবং পাশ করে ৩০১ জন। মানবিক বিভাগে পাসের হার ৯৯.৩৪%। মানবিক বিভাগে জিপিএ-৫ পেয়েছে ২০ জন।

এইচএসসি পরীক্ষায় নিয়মিতভাবে ভালো ফলাফলের ধারা অব্যাহত রাখার ব্যাপারে মাইলস্টোন কলেজের অধ্যক্ষ মোহাম্মদ জিয়াউল আলম বলেন, প্রত্যেক শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী এবং অভিভাবকগণ এই সাফল্যের জন্য অবদান রেখেছেন। মাইলস্টোন কলেজ প্রশাসনের সঠিক তদারকি, শিক্ষক-শিক্ষিকাদের একনিষ্ঠ প্রচেষ্টা ও কঠোর পরিশ্রম, ছাত্রছাত্রীদের একাগ্রতা এবং সম্মানিত অভিভাবকদের সহযোগিতায় প্রতিবছর ছাত্রছাত্রীরা প্রত্যাশিত ফলাফল অর্জন করতে পারছে।

তিনি বলেন, আমরা ছাত্রছাত্রীদের জন্য গুণগতমানের শিক্ষা প্রদান নিশ্চিত করি। নিয়মিত শ্রেণিকক্ষ শিক্ষা ও সহপাঠ্যগ্রন্থিক কার্যক্রমের মাধ্যমে তা নিশ্চিত করা হয়। এটা ভালো ফলাফল অর্জনের প্রধান নিয়ামক। উত্তীর্ণ সকল ছাত্রছাত্রীদের আন্তরিক শুভেচ্ছা জানান অধ্যক্ষ মোহাম্মদ জিয়াউল আলম। তিনি আশা প্রকাশ করেন, তারা যেন ভবিষ্যত জীবনে আরও সফল হন এবং দেশের সেবায় আত্মনিয়োগ করেন। অধ্যক্ষ মোহাম্মদ জিয়াউল আলম ফলাফলের এই সাফল্য ২১ জুলাই বিমান দুর্ঘটনায় নিহত ও আহতদের উদ্দেশ্যে উৎসর্গ করেন।